# কসবায় দুই সরকারি বিদ্যালয়ে ১৭ শিক্ষক কর্মচারীর পদ শূন্য

■ কসবা (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

কসবা সরকারি উচ্চ বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারীর ৮টি পদ এবং কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারীর ৯টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক না থাকায় শিক্ষার্থীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটছে। এক বিষয়ের শিক্ষককে নিতে হচ্ছে অন্য বিষয়ের ক্লাস। সল্পসংখ্যক শিক্ষক দিয়ে বিদ্যালয় দুটির শিক্ষার মানোন্নয়নং সম্ভব হচ্ছে না। বর্তমানে বিদ্যালয় দুটির ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা।

খোঁজ নিয়ে জানা যায়, কসবা সরকারি উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক, ভৌত বিজ্ঞান, হিসাব বিজ্ঞান, ইংরেজি, গণিতের বিষয়ভিত্তিক সহকারী শিক্ষক ও অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এবং অফিস সহায়কের ২টি পদসহ মোট ৮টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। অপরদিকে কসবা সরকারি বালিক উচ্চ-বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক (পদ নাই), ইংরেজি (২ জন), গণিত, শারীরিক শিক্ষক, কৃষি-র বিষয়ভিত্তিক সহকারী শিক্ষকসহ মোট ৯টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার হাসিনা ইসলামের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, কসবা সরকারি উচ্চ বিদ্যালয় ও কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাবে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অন্যতম লক্ষ্য মানসম্মত শিক্ষা বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে। তিনি জরুরিভিত্তিতে বিদ্যালয় দুটির শূন্যপদগুলো পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বরাবরে অনুরোধ জানিয়েছেন।